# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**15 JUNE 2026** **7:45—7:55 PM**

(১) সরকারি চাকরি অথবা পেনশন লাভ না করা স্বাধীনতা যোদ্ধাদের পরিবারবর্গকে রাজ্য সরকার সহায়তা প্রদান করবে বলে মুখ্যমন্ত্রীর আশ্বাস/

(২) রাজ্যের চার রকমের সাংস্কৃতিক এবং কারুশিল্পজাত সামগ্রীর জন্য জি আই ট্যাগ/

(৩) কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গাডকারীর শিলঙে তিন হাজার ২১৪ কোটি টাকা ব্যয়সাপেক্ষে ছ'টি জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন/

এবং

(৪) ডায়রিয়া প্রতিরোধে শ্রীভূমি জেলায় আগামীকাল থেকে দেড়মাস ব্যাপী স্টপ ডায়রিয়া অভিযান/

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সরকারী চাকরি অথবা পেনশন লাভ না করা স্বাধীনতা সংগ্রামীদের পরিবারবর্গকে রাজ্য সরকার সহায়তা প্রদান করবে বলে আশ্বাস প্রদান করেছেন । কুশল কোঁয়র স্মৃতি দিবস উপলক্ষে আসাম স্বাধীনতা সংগ্রামী সম্মেলনের উদ্যোগে এবং রাজ্য সরকারের সহযোগিতায় আজ গুয়াহাটিতে শহিদ কুশল কোঁয়র স্মারক অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী এই আশ্বাস দেন । তিনি বলেন যে- শহিদদের পরিবারবর্গকে সহায়তা প্রদানের বিষয়টি নিয়ে নিরন্তর আলোচনা অব্যাহত রয়েছে । ডঃ শর্মা বলেন যে- শহিদ কুশল কোঁয়র শুধুমাত্র একজন ব্যক্তি নন, তিনি দেশপ্রেম, ত্যাগ এবং অপরিসীম সাহসের জীবন্ত প্রতীক ছিলেন । তাঁর জীবনগাঁথা আজও প্রতিটি প্রজন্মকে দেশপ্রেমের অনন্য অনুপ্রেরণা যুগিয়ে আসছে । দেশমাতৃকার মুক্তির জন্য কুশল কোঁয়রের আত্মোৎসর্গের গৌরবগাঁথা আমাদের জাতীয় চেতনাকে চিরকাল উদ্বুদ্ধ করে রাখবে বলে তিনি মন্তব্য করেছেন । শহিদদের আদর্শ অক্ষুণ্ন

রাখতে যুব প্রজন্মের প্রতি আহ্বান জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে- আসামের প্রগতির ক্ষেত্রে তাঁদের ঐতিহ্য এবং অবদান সংরক্ষণের মাধ্যমেই দেশের স্বাধীনতার জন্যে প্রাণ আহুতি দেওয়া বীর শহিদদের প্রতি প্রকৃত শ্রদ্ধাঞ্জলি হবে ।

#বাইট# (সি এম)

---------------------------------------------------------------------------------

রাজ্যের চারধরণের সাংস্কৃতিক ও কারুশিল্পজাত সামগ্রী জি আই ট্যাগ অর্থাৎ ভৌগলিক সূচাংক্য লাভ করেছে । সাম্প্রতিক ভৌগলিক সূচক পঞ্জী বিহু পেঁপা ,বাঁশ শিল্প ,কার্বি আংলংয়ের হস্ততাঁত শিল্প এবং দেউরী সম্প্রদায়ের হস্ততাঁত শিল্পকে স্বীকৃতি প্রদান করেছে । এর ফলে রাজ্যের স্থানীয় কারুশিল্প ও সাংস্কৃতিক পরিচয়ের বৈচিত্রপূর্ন দিকগুলি উদ্ভাসিত হবার ক্ষেত্রে সহায়ক হবে । নতুন করে ভৌগলিক সূচ্যাংক লাভ করা এই চারটি সামগ্রী জনজাতি ঐতিহ্য , সংগীত বিজ্ঞান ও প্রাকৃতিক সম্পদের কারুশিল্পের বর্ণাঢ্য দিকগুলি অর্ন্তভুক্ত করা হয়েছে । এই স্বীকৃতি লাভের প্রক্রিয়ায় জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক নাবার্ডের আসাম শাখা সহায়তা করেছে । নাবার্ডের আসাম শাখার মূখ্য প্রবন্ধক লোকেন দাস এ সম্পর্কে জানান যে ঐতিহ্য সংরক্ষণের গুরুত্ব সহ কারুশিল্পীদের অর্থনৈতিক বহনক্ষমতা নিশ্চিত করার জন্য নাবার্ড ভৌগলিক সূচ্যাঙ্ক লাভ প্রক্রিয়াকে সক্রিয়ভাবে সমর্থন জানিয়ে আসছে । এই স্বীকৃতি সামগ্রীসমূহের পরিচয় ও নির্ভরযোগ্যতাকে সুদৃঢ় করাই নয় বরং জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে এর বাজার লাভের সম্ভাবনা বৃদ্ধি করবে বলেও তিনি জানান । উল্লেখ্য নাবার্ডের সহযোগীতায় আসামের ভৌগলিক সূচ্যাঙ্ক লাভ করা সামগ্রীর সংখ্যা ১২ টা পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । এই স্বীকৃতির ফলে এধরণের সামগ্রীগুলি বিনা অনুমতিতে অনুকরণ ও অপব্যাবহারের বিরুদ্ধে আইনী সুরক্ষা লাভ করবে ।

---------------------------------------------------------------------------------

দেশের মধ্যবিত্ত শ্রেণীর জনসাধারণ রাষ্ট্র গড়ার ক্ষেত্রে বিশেষ অবদান যুগিয়ে আসছেন এবং এন ডি এ সরকার তাদের ইচ্ছা পূরণের জন্য কাজ করতে বদ্ধপরিকর বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রকাশ করেছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেন যে- বিগত দশকে প্রশাসনের কাজকর্ম সাধারণ লোকের জীবনধারণের মান উন্নত করার ক্ষেত্রে কেন্দ্রীভূত হয়েছে । তিনি বলেন যে- সরকার জনসাধারণকে সহজে বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করার পাশাপাশি উন্নত পরিকাঠামো, সুলভ জনসেবা, ব্যয়সাধ্য চিকিৎসা সেবা, গুণগতমান সম্পন্ন শিক্ষা প্রদান করে তাদের জন্য পরিচ্ছন্ন শহর গড়ে তুলে জনসাধারণের দৈনন্দিন জীবনের সমস্যা অনেকাংশে হ্রাস করেছে ।

---------------------------------------------------------------------------------

বিগত বারো বছরে কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক সুরক্ষা এবং উন্নত সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে ভারতের মধ্যবিত্ত শ্রেণীর সবলীকরণের প্রচেষ্টা অব্যাহত রেখেছে বলে বিজেপির জাতীয় সভাপতি নীতিন নবীন জানিয়েছেন । সামাজিক মাধ্যমে বিজেপি সভাপতি শ্রী নবীন বলেন যে- আয়কর সংস্কারের মাধ্যমে কর ব্যবস্থায় স্বচ্ছতা আনার ফলে জনসাধারণকে করের ক্ষেত্রে স্বস্তি প্রদান করা সহ বিভিন্ন প্রকল্পের মাধ্যমে উন্নয়নের পথ প্রশস্ত করা হয়েছে । উজ্জ্বলা যোজনা, জলজীবন মিশন এবং স্বচ্ছ ভারত অভিযান মানুষের জীবন ধারণের প্রাথমিক সুযোগ সুবিধা সমূহ জনসাধারণের জন্য সহজলভ্য করে তুলেছে বলে তিনি জানান । এছাড়া প্রধানমন্ত্রী আবাস যোজনা নাগরিকদের নিজস্ব একটি গৃহ নির্মাণের স্বপ্ন বাস্তবায়িত করেছে । এবং আয়ুষ্মান ভারত যোজনা স্বাস্থ্য সুরক্ষার ক্ষেত্রে পরিবর্তন সাধন করেছে বলে তিনি উল্লেখ করেন । শ্রী নবীন আরো বলেন যে- এধরণের পদক্ষেপের মাধ্যমে সরকার মধ্যবিত্ত শ্রেণীর লোকেদের সবলীকরণ নিশ্চিত করে ভারতীয় অর্থনীতিতে তারা বৃহৎ অবদান যুগিয়েছেন। এছাড়া বিকশিত তথা আত্মনির্ভর ভারতের যাত্রা শক্তিশালী করে তুলেছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গাড়কারি আজ শিলংয়ে উত্তর-পূর্ব ভারত পরিকাঠামো সম্মেলন ও প্রদর্শনীর উদ্বোধন করেন । এই সম্মেলন থেকেই মন্ত্রী তিন হাজার ২১৪ কোটি টাকা ব্যয়ে নির্মীয়মান মেঘালয়ের ছটি জাতীয় মহাসড়ক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এই প্রকল্প সড়ক যোগাযোগ ব্যাবস্থা উন্নত করা সহ প্রান্তিক অঞ্চলগুলিতে যোগাযোগের সুবিধা তথা মেঘালয় সহ উত্তর-পূর্বাঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে উৎসাহ যোগাবে বলে আশা করা হচ্ছে । সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে গুরুত্ব দিচ্ছে বলে উল্লেখ করেন । শ্রী গাডকারি বলেন যে কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বাঞ্চলের অর্থনৈতিক সম্ভাবনার পূর্ণ ব্যাবহার , আঞ্চলিক সংহতি সুদৃঢ়করণ এবং যুবা প্রজন্ম তথা স্থানীয় প্রতিষ্ঠানসমূহের জন্য সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে যোগাযোগ ও স্থায়ী পরিকাঠামোর প্রসার সহ বিনিয়োগ কেন্দ্রিক উন্নয়নে গুরুত্ব আরোপ করে আসছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দ্রুত ও নিরাপদ যাত্রা সুনিশ্চিত করার জন্য সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে বিশ্বমানের মহাসড়ক পরিকাঠামো নির্মাণ করতে কেন্দ্রীয় সরকার বদ্ধপরিকর বলে তিনি মন্তব্য করেন । শ্রী গাড়কারির এই সম্মেলনে মূখ্য কার্যবাহী আধিকারিকদের গোল টেবিল বৈঠকে অংশ নেবার কথা রয়েছে । এই সম্মেলন নীতি নির্মাতা ,বিনিয়োগকারী ,শিল্পদ্যোগী নেতা এবং রাজ্যের বিভিন্ন প্রান্তের অংশীদারদের একত্রিত করে পরিকাঠামো উন্নয়ন ,বিনিয়োগের সুযোগ এবং

আঞ্চলিক বিকাশের আলোচনার জন্য এক গুরুত্বপূর্ণ মঞ্চ হিসেবে সেবা প্রদান করে আসছে । দুদিনব্যাপী আয়োজিত সম্মেলনে মেঘালয়ের মূখ্যমন্ত্রী কনরাড কে সাংমা ও নাগালেন্ডের মূখ্যমন্ত্রী নেইফিউ রিও অংশগ্রহণ করেন । এই সম্মেলন উত্তর-পূর্ব ভারতের পরিকাঠামোকে নিয়ে সমবেত হওয়া সর্ববৃহৎ সম্মেলন হবে বলে আশা করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে শিশুদের ডায়রিয়া প্রতিরোধ এবং জিরো চাইল্ড ডেথ- এই লক্ষ্যকে সামনে রেখে আগামীকাল থেকে ওই জেলায় স্টপ ডায়রিয়া অভিযান শুরু হবে । জেলার স্বাস্থ্য বিভাগ থেকে জানানো হয়েছে যে এই অভিযানের মাধ্যমে ও আর এস ও জিঙ্ক সাপ্লিমেন্টের ব্যবহার , ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা , নিরাপদ পানীয় জল , অনাময় ব্যবস্থা এবং জনসচেতনতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে । উল্লেখ্য আগামীকাল থেকে আগামী ৩১শে জুলাই পর্যন্ত দেড়মাসব্যাপী চলা এই অভিযান শিশুদের ডায়রিয়াজনিত মৃত্যু প্রতিরোধে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

-----------------------------------------------------------------------------------

শিলচর শহরের সবকটি প্রতিমূর্তি সংরক্ষণ ও স্মৃতি রক্ষা কমিটির সাধারণ সভা গত শনিবার শিলচর গান্ধী শান্তি প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হয়েছে । এতে এই কমিটি পুর্নগঠন করা হয়েছে । নব গঠিত কমিটিতে নীহার রঞ্জন পালকে সভাপতি ও প্রবীর কুমার রায় চৌধুরীকে সাধারন সম্পাদক মনোনীত করে প্রতিমূর্তি সংরক্ষন ও স্মৃতি রক্ষা কমিটি গঠন করা হয়েছে । উল্লেখ্য এদিনের সভায় শিলচর শহরে মণিষীদের চারপাশে বিভিন্ন সংগঠন ও সভা সমিতির ব্যানার ফ্ল্যাগ লাগিয়ে সৌন্দর্য্য নষ্ট করার তীব্র সমালোচনা করা হয়েছে । শিলচর পৌর নিগম কর্তৃপক্ষকে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের অনুরোধ জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

দেশবন্ধু চিত্তরঞ্জন দাস স্মৃতি রক্ষা সমিতি-শিলচরের উদ্যোগে আগামীকাল স্বাধীনতা সংগ্রামী দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের প্রয়াণ দিবস বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হবে । এ উপলক্ষে সকাল সাড়ে ৮টায় শহরের ন্যাশনেল হাইওয়ের দেশবন্ধুর প্রতিমূর্তিতে শ্রদ্ধা জানানো হবে । উল্লেখ্য- ১৯২৫ সালে ১৬ই জুন দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ প্রয়াত হয়েছিলেন ।

-----------------------------------------------------------------------------------

বিশ্বকাপ ফুটবল প্রতিযোগীতায় আজ অনুষ্ঠিত গ্রুপ-এফের একটি খেলায় সুইডেন // তিউনিশিয়াকে ৫-১ গোলের ব্যাবধানে পরাজিত করেছে । এরপূর্বে আজ ভারতীয় সময় সকাল সাড়ে চারটায় অনুষ্ঠিত গ্রুপ- ই র একটি খেলায় আইভরি কোষ্ট // ইকুয়েডরকে ১-০ গোলের ব্যবধানে পরাজিত করে ।

এদিকে গ্রুপ-ইর একটি খেলায় জার্মানী গতরাতে প্রথমবারের মতো বিশ্বকাপে অবতীর্ণ হওয়া কুরাসাওকে ৭-১ গোলের ব্যাবধানে পরাজিত করেছে । ডালাসে অনুষ্ঠিত নেদারল্যান্ড ও জাপানের মধ্যে খেলাটি ২-২ গোলে ড্র হয় ।

---------------------------------------------------------------------------------